# আল-হজ্জ | Al-Hajj | ٱلْحَجّ

আয়াতঃ ২২ : ৭৬

## আরবি মূল আয়াত:

يَعلَمُ مَا بَينَ اَيدِيهِم وَ مَا خَلفَهُم ؕ وَ اِلَى اللّٰهِ تُرجَعُ الاُمُورُ ﴿۷۶﴾

## অনুবাদসমূহ:

তাদের সামনে এবং পেছনে যা কিছু আছে তিনি তা জানেন। আর সবকিছু আল্লাহর কাছেই প্রত্যাবর্তিত হবে। — আল-বায়ান

তিনি জানেন তাদের সামনে যা আছে আর তাদের পেছনে যা আছে, আর সমস্ত ব্যাপার (চূড়ান্ত ফয়সালার জন্য) আল্লাহর কাছে ফিরে যায়। — তাইসিরুল

তাদের সম্মুখে ও পশ্চাতে যা কিছু আছে তিনি তা জানেন এবং সমস্ত বিষয় আল্লাহর নিকট প্রত্যাবর্তিত হবে। — মুজিবুর রহমান

He knows what is [presently] before them and what will be after them. And to Allah will be returned [all] matters. — Sahih International

৭৬. তাদের সামনে ও পিছনে যা কিছু আছে তিনি তা জানেন এবং সব বিষয়ই আল্লাহর কাছে প্রত্যাবর্তিত করা হবে।(১)

(১) তারা যা করেছে এবং যা কল্যাণকর ছিল অথচ তারা করেনি এসবই আল্লাহ জানেন। অন্য আয়াতে আল্লাহ বলেন, “আর আমরা লিখে রাখি যা তারা আগে পাঠায় ও যা তারা পিছনে রেখে যায়।” [সূরা ইয়াসীনঃ ১২]

তাফসীরে জাকারিয়া

(৭৬) তাদের সম্মুখে ও পশ্চাতে যা কিছু আছে, তিনি তা জানেন এবং সমস্ত বিষয় আল্লাহর নিকট প্রত্যাবর্তিত হবে।[1]

[1] যখন সমস্ত বিষয়ই আল্লাহর দিকে প্রত্যাবর্তিত হয়, তখন মানুষ তাঁর অবাধ্যতা করে কোথায় যেতে পারে? এবং তাঁর আযাব হতে কিরূপে পরিত্রাণ পেতে পারে? মানুষের জন্য কি এটা উচিত নয় যে, তারা আল্লাহর আনুগত্যের পথ অবলম্বন করে তাঁর সন্তুষ্টি অর্জন করবে? পরবর্তী আয়াতে সে কথাই স্পষ্ট করা হচ্ছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2671

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন